দৈনিক বাংলা

তারিখ 23 NOV 1993
পৃষ্ঠা 2 কলাম 7

# গুলিতে ঢাকা ভার্সিটি ছাত্র নিহত

বুয়েট সংবাদদাতা : সোমবার রাতে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের তিতুমীর হল গেটের সামনে গুলিবিদ্ধ হয়ে অলক নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্র নিহত হয়েছেন।

নিহত অলক কান্তি পাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের ছাত্র এবং মোস্তফা মহসীন মন্টু সমর্থক ছাত্রলীগ কর্মী বলে জানা গেছে। তিনি রাষ্ট্র বিজ্ঞানে তৃতীয় বর্ষের ছাত্র। বাড়ি কিশোরগঞ্জের তাড়াইলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, রাত সাড়ে ১০ টায় তিতুমীর হল গেটে দাঁড়িয়ে কয়েকজনের সঙ্গে আলাপ করার সময় কাটা রাইফেলধারী কয়েকজন যুবক তাকে লক্ষ্য করে গুলি করে দ্রুত পালিয়ে যায়। গুলি অলকের বুক ভেদ করে চলে যায়। সঙ্গে সঙ্গে তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। কিন্তু ডাক্তাররা তাকে মৃত ঘোষণা করেন।

ঢাকা মেডিক্যাল ইমার্জেন্সীতে কর্মরত হাসপাতাল কর্মচারীরা জানান, অলককে মৃত ঘোষণার সঙ্গে সঙ্গে তাকে নিয়া আসা যুবকেরা পালিয়া যায়। ইমার্জেন্সী ডাক্তার জানান, গুলি তার বা হাত দিয়ে প্রবেশ করে বুকের বা দিকে ঢুকে যায়।

তার পরনে ছিল কালো জিন্সের প্যান্ট, সাদা শার্ট ও পায়ে কেটস। বুয়েটের ছাত্র নিহত হয়েছে এই খবর পেয়ে মুহূর্তের মধ্যে গোটা ইমার্জেন্সী ভরে ওঠে বুয়েটের ছাত্রদের ভিড়ে তবে ইউকসু কেন্দ্রীয় সংসদের সহসভাপতি নিয়ামুল হুদা খান তৌহিদ পরে জানান, নিহত ছাত্র বুয়েটের নয়। তবে মনে হয় এটি পরিকল্পিত হত্যাকান্ড।